দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 JAN 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৬

# কমিটি জটিলতার কারণে ১০ দিন পরে বই পেল শিক্ষার্থীরা

**■ জলঢাকা (নীলফামারী) সংবাদদাতা**

জলঢাকায় কমিটি নিয়ে জটিলতার কারণে ১০ দিন পর বই পেল শিক্ষার্থীরা। উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসান হাবিবের হস্তক্ষেপে সোমবার দুপুরে নতুন বই বিতরণ করা হয় প্রতিষ্ঠানটিতে। ঘটনাটি জলঢাকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে।

দীর্ঘদিন থেকে প্রতিষ্ঠানটিতে কমিটি জটিলতা ও মামলার কারণে দু'পক্ষের মধ্যে চরম অসন্তোষ সৃষ্টি হয়। এরই মধ্যে গত ১ জানুয়ারি প্রতিষ্ঠানটিতে নতুন বই বিতরণের কথা থাকলেও দু'পক্ষেই প্রতিষ্ঠানটির প্রধান শিক্ষক ও সভাপতি দাবি করায় বই বিতরণ থেকে বিরত থাকে কর্তৃপক্ষ। নতুন বই না পেয়ে প্রতিষ্ঠানটির প্রায় ৮শ' শিক্ষার্থী চরম দুর্ভোগে পরে।

বিভিন্ন সময় উপজেলা মাধ্যমিক অফিসে ধরনা দিয়েও এর প্রতিকার না হওয়ায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসান হাবিব ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আশরাফ উদ জামান সরকার উদ্যোগ নিয়ে প্রতিষ্ঠানটির দু'পক্ষের শিক্ষকদের সমন্বয়ে বই বিতরণ সমাপ্ত করেন।